গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজিস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
Web:www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-২০৩

তারিখঃ ০৯/০৭/২০১৭ খ্রিঃ
সময়ঃ বিকাল ৩.৩০ টা

**সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

আজ ০৯/০৭/২০১৭ ইং খ্রিঃ রবিবার বিকাল ৩.৩০ মিঃ হইতে দিবাগত রাত ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের

জন্য আবহাওয়ার পূর্বাভাসঃরংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, কুষ্টিয়া, টাঙ্গাইল, ময়মনসিংহ,ঢাকা, ফরিদপুর, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী,কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়েদক্ষিন/দক্ষিন-পূর্বদিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কিঃমিঃ বেগে বৃষ্টিঅথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়োহাওয়া বয়ে যেতে পারে।এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্কসংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু

জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর, ময়মনসিংহ, সিলেট ও

চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশের দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপ:**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.০ | ৩২.০ | ৩৪.০ | ৩৩.১ | ৩৪.৫ | ৩৩.২ | ৩৫.২ | ৩২.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৫ | ২৭.০ | ২৫.২ | ২৬.৪ | ২৬.৫ | ২৫.৫ | ২৬.৫ | ২৫.২ |

দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৫.২° সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল কুমিল্লা এবং ভোলা ২৫.২° সে.।

**নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)**

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০১ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৫১ টি | তথ্য পাওয়া যায়নি | ০৫টি |
| পানি হ্রাস পেয়েছে | ৩৩ টি | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে | ০৯ টি |

**অদ্য নিম্নবর্ণিত ৯ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।**

| স্টেশনের নাম | নদীর নাম | গত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে (সে.মি.) |
|---|---|---|---|
| বাহাদুরাবাদ | যমুনা | +২ | +৩৬ |
| সারিয়াকান্দি | যমুনা | +৪ | +২৫ |
| কাজীপুর | যমুনা | +১০ | +২৪ |
| সিরাজগঞ্জ | যমুনা | +১১ | +২৮ |
| এলাসিন | ধলেশ্বরী | +১১ | +১০ |
| কানাইঘাট | সুরমা | +১১ | +৪৯ |
| অমলশীদ | কুশিয়ারা | +১৬ | +৭৮ |
| শেওলা | কুশিয়ারা | +৭ | +৬৯ |
| জারিয়াজঞ্জাইল | কংস | -৪ | +৪১ |

**গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ(গতকাল সকাল ০৯ টা থেকে আজ সকাল ০৯ টা পর্যন্ত)**

| ষ্টেশন/জেলার নাম | বৃষ্টির পরিমাণ (মিমি) | ষ্টেশন/জেলার নাম | বৃষ্টির পরিমাণ (মিমি) |
|---|---|---|---|
| নোয়াখালী | ৪৮.৬ | রংপুর | ৪৫.০ |

৯/৭/১৭

**অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ড নেই।

সিলেট: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান,অতিবর্ষণ ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় জেলার ৮ টি উপজেলায় ৫৫টি ইউনিয়ন ও একটি পৌরসভা ,৪৮৬ টি গ্রাম ,২১,৬৪৫ টি পরিবার ,৪,৮৯৬টি ঘরবাড়ি,লোকসংখ্যা ১,৪৯,৮৩০ ফসল ৪৩৩০হেক্টর ক্ষতিগ্রস্ত হয়েছে ।মৃত হাঁসমুরগী ও গবাদিপশুর সংখ্যা ৭৪২১ এবং শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়েছে ২০৪ টি ।আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে ১৩ টি । ১৯১ টি পরিবারের ৮৮৮ জন লোক আশ্রয় কেন্দ্রে অবস্থান করছে। ক্ষতি গ্রস্ত লোকদের সাহায্য হিসেবে ২৭৭.০০ মে, টন চাউল এবং ৫,৭৭,৫০০ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।এছাড়া ২,০০০ প্যাকেট শুকনো খাবার বন্যার্তদের মাঝে বিতরণ করা হয়েছে।

**কক্সবাজার : জেলা প্রশাসক কক্সবাজার জানান, ভারী বর্ষণ ও উজানের কারণে কক্সবাজার সদর উপজেলার ৪ টি ইউনিয়ন , রামু উপজেলার** ১১টি ইউনিয়ন এবং চকোরিয়া উপজেলার ১৮ টি ইউনিয়ন প্লাবিত হয়েছে ।তবে বর্তমানে বন্যার পানি নেমে গেছে এবং আশ্রয় কেন্দ্রে কোন আশ্রিত লোক নেই।

মৌলভীবাজার : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, অতিবৃষ্টি ও পাহড়ী ঢলে সৃষ্ট বন্যায় জেলার ৭ টি উপজেলার মধ্যে ৩টি উপেজলা বেশি ক্ষতিগ্রস্ত (কুলাউড়া ,বড়লেখা ,জুরি ) । জেলার ৩৫ টি ইউনিয়ন ,২ টি পৌরসভা ,৫৫,২৬৭ পরিবার, ৩৫০ টি গ্রাম,৩,১০,০৮০ জন লোক,৫২৫ টি ঘরবাড়ি সম্পূর্ণ , ৬,৯০৮ টি ঘরবাড়ি আংশিক ,৫,৬৪৩হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয় । শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়েছে ২৫০ টি । আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে ২৮ টি। ৪৭৬ টি পরিবার আশ্রয় কেন্দ্রে অবস্থান করছে । ক্ষতিগ্রস্ত লোকদের সাহায্য হিসেবে সর্বশেষ ২৭৫ মে.টন জি আর চাউল এবং ৬,৫০,০০০ জিআর ক্যাশ ও ২০০০ ব্যাগ শুকনো খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে।

জামালপুর: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, অতিবর্ষণ ও পাহাড়ী ঢলে জেলার ২ টি উপজেলা (দেওয়ানগঞ্জ , ইসলামপুর ,) এর নিচু এলাকা প্লাবিত হয়েছে ।

বগুড়া : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, অতিবর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে জেলার ৩ টি উপজেলার (সারিয়াকান্দি, সোনাতলা,ধুনট ) ১৪ টি ইউনিয়ন এর ৭৫ টি গ্রাম প্লাবিত হয়েছে । ৭৫ টি প্রাথমিক বিদ্যালয় ও ৫ টি মাধ্যমিক বিদ্যালয়ে এবং ১ টি মাদ্রাসায় পানি ঢুকেছে। সারিয়াকান্দি বাঁধে ২,৫০০ পরিবার আশ্রয় গ্রহণ করেছে ।বন্যার্তদের মাঝে ১২০ মে.টন জিআর চাউল ১,০০,০০০জিআর টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

গাইবান্ধা : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, বন্যায় জেলার ফুলছড়ি উপজেলায় নদী ভাংগনে ৪০ টি পরিবার গৃহহীন হয়েছে এবং জেলার নিচু এলাকা প্লাবিত হয়েছে ।

সিরাজগঞ্জ : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, বন্যায় জেলার ৫ টি উপজেলা ( কাজীপুর, সদর ,বেলকুচি ,চৌহালী, শাহাজাদপুর ) এর নিচু এলাকা প্লবিত হয়েছে।


(জি এম আব্দুল কাদের)
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোন: ৯৫৪৫১১৫


সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ/দুব্য/সিপিপি ও এনডিআরসিসি/উন্নয়ন/ত্রাণ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধসহ।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। যুগ্ম সচিব (প্রশাঃ/ সেবা /দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; **ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০।** Email: ndrcc@modmr.gov.bd/ drcc.dmrd@gmail.com
**হট লাইনঃ ০১৯৩৭-১৬৩৫৮২, ০১৭১১-১৬১৯২৬, ০১৫৩৬-২৩৯২৬০, মোবাইল নম্বরঃ** অতিরিক্ত সচিব (এনডিআরসিসি) ০১৭৩৭-২৫০৮৮৮, www.modmr.gov.bd